

**AKASHVANI (AIR)  
RNU : KOLKATA  
Bengali Text Bulletin**

**Date: 29.09.2024**

**Time: 7.35 A.M**

## বিশেষ বিশেষ খবর -

- ১) লাগাতার বৃষ্টির জেরে উত্তরবঙ্গের নদীগুলির জলস্ফীতি ও ভূমিধস উদ্বেগ বাড়িয়েছে।
  - ২) পরিস্থিতি পর্যালোচনা করতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ উত্তরবঙ্গ সফরে যাচ্ছেন।
  - ৩) রাজ্যজুড়ে বন্যা ও ভূমিধসের আবহে প্রস্তাবিত ঘাটাল মাস্টার প্ল্যান রূপায়নের লক্ষে রাজ্য সরকার গতকাল বৈঠক করেছে।
  - ৪) সাগর দক্ষ মেডিকেল কলেজে উদ্ভুত পরিস্থিতির প্রেক্ষিতে জুনিয়ার ডক্টর্স ফোরাম আগামীকাল থেকে ফের পূর্ণ কর্মবি঱তির পথে।
  - ৫) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।
  - ৬) বেঙ্গালুরুর কান্তিরাভা স্টেডিয়ামে গতকাল আই এস এল ফুটবলে বেঙ্গালুরু এফ সি ৩-০ গোলে মোহনবাগান সুপার জায়েন্টকে হারিয়ে দিয়েছে।

oooooooooooooooooooo

দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ এলাকায় বন্যা পরিস্থিতির মধ্যেই লাগাতার বৃষ্টির জেরে উত্তরবঙ্গের নদীগুলির জলস্ফিতি উৎপন্ন বাঢ়িয়েছে। দক্ষিণবঙ্গে আবহাওয়ার উন্নতি হলেও ডিভিসি বিভিন্ন জলাধার থেকে জল ছাড়া অব্যাহত রেখেছে। ফলে পূর্ব মেদিনীপুর, হাওড়া, ভগুলি, পূর্ব বর্ধমানের বন্যা কবলিত ব্লক গুলিতে মানুষের দুর্দশা চলছে।

এদিকে উত্তরবঙ্গের পার্বত্য এলাকায় টানা বৃষ্টির জেরে তিস্তা সহ বিভিন্ন নদীর জল বেড়েছে। সিকিমেও লাগাতার বর্ষণ চলছে। জল বাড়তে শুরু করায় শুক্রবার রাত থেকে দফায় দফায় তিস্তা ব্যারাজ থেকেও জল ছাড়া হয়। নিচু এলাকা এবং নদীপারের বাসিন্দাদের মাইকিং করে সতর্ক করছে প্রশাসন।

অন্যদিকে পাহাড়ে ভারী বৃষ্টির জেরে ডুয়ার্সের বিভিন্ন নদী এবং ঝোরাগুলিতে জলের স্রোত বাড়ছে। তার জেরে হড়পা বানের আশঙ্কা তৈরি হয়েছে। কালিঝোড়ায় ধস নামায় ১০ নম্বর জাতীয় সড়কের একাংশ তিস্তা গর্ভে তলিয়ে গেছে। বন্ধ রয়েছে ১০ নম্বর জাতীয় সড়ক ধরে যান চলাচল। কালিঝোড়া এলাকায় রাস্তা সংলগ্ন পাহাড় কেটে সংস্কারের কাজ শুরু করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বন্যা ও ভূমিধসে বিধ্বস্ত উত্তরবঙ্গের পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ সেখানে যাচ্ছেন। কলকাতা থেকে রওনা হয়ে তাঁর বাগড়োগরা পৌঁছানোর কথা। উত্তরকণ্যার অতিথি নিবাসে রাত্রিবাসের পর আগামীকাল সকালে পাহাড় ও সমতলের পরিস্থিতি নিয়ে আট জেলার প্রশাসনিক

আধিকারিকদের সঙ্গে মুখ্যমন্ত্রী বৈঠক করবেন। আগীমাকালই কলকাতায় ফিরে, বিকেলে তার নবান্নে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে যোগ দেওয়ার কথা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মালদার ভূতনির দক্ষিণ চন্দীপুর গ্রাম পঞ্চায়েতের কাটা বাঁধ এলাকায় গতকাল নৌকো ডুবির ঘটনায় এক মহিলা ও একটি শিশু নিখোঁজ। মানিকচক্রের বিধায়ক সাবিত্রী মিত্র-কে উদ্বৃত করে আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন গতকাল নৌকো করে বেশ কয়েকজন মথুরাপুরের হাটে যাওয়ার সময় জল স্রোত বেশি থাকায় মাঝগঙ্গায় নৌকোটি ডুবে যায়। সরকারী মতে নৌকোয় পাঁচজন আরোহী ছিল। বিপর্যয় মোকাবিলা বাহিনী ৩ জনকে উদ্বার করলেও খোঁজ মেলেনি শিশু সহ এক মহিলার। বেসরকারী মতে নৌকোতে ১০ জনের মতো আরোহী ছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যজুড়ে বন্যা আর ভূমিধসের আবহে পশ্চিম মেদিনীপুরের প্রস্তাবিত ঘাটাল মাস্টারপ্ল্যান রূপায়ণের লক্ষ্যে রাজ্য সরকার বৈঠক করেছে। মুখ্যসচিব মনোজ পন্থ এর সভাপতিত্বে গতকাল নবান্নে আয়োজিত এই বৈঠকে স্থানীয় সাংসদ দীপক অধিকারী ছাড়াও সেচমন্ত্রী মানস ভূঁইয়া, সেচ ও অর্থসচিব উপস্থিত ছিলেন। বৈঠক নিয়ে সরকারি ভাবে কিছু না জানানো হলেও দীর্ঘদিনের এই প্রকল্পটিকে বাস্তবায়িত করতে কী পদক্ষেপ নেওয়া যায়, তা নিয়ে প্রাথমিক আলোচনা হয়েছে বলে সূত্রের খবর।

উল্লেখ্য, দক্ষিণবঙ্গে বন্যা নিয়ন্ত্রণের লক্ষ্যে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যৌথ সহযোগিতায় ১৯৮০ সালে এই প্রকল্পটি হাতে নেওয়া হয়েছিল। ১৯৮২ সালে প্রকল্পটির শিলান্যাস হয়। এটি রূপায়ণের জন্য প্রথমে কেন্দ্রীয় সরকার মোট ব্যয়ের ৭৫ শতাংশ অর্থ দেওয়ার কথা বললেও পরে তা কমিয়ে পঞ্চাশ শতাংশ করে। বাকি অর্থ রাজ্য সরকার দেবে বলে স্থির হয়। রাজ্য সরকারের তরফে ২০১২ সালে

১২০০ কোটি টাকার একটি বিস্তারিত প্রকল্প রিপোর্ট কেন্দ্রের কাছে পাঠানো হয়। কিন্তু দীর্ঘ সময়ের পরেও প্রকল্পটির জন্য কোনও অর্থ বরাদ্দ না হওয়ায় রাজ্য সরকার নিজের তহবিল থেকেই সম্পূর্ণ অর্থ খরচ করে আগামী পাঁচ বছরের মধ্যে প্রকল্পটির কাজ শেষ করবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ঘোষণা করেছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার কামারহাটির সাগর দত্ত মেডিকেল কলেজে চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের ওপর হামলার প্রতিবাদে জুনিয়ার ডাক্তারদের লাগাতার কর্মবিরতি চলেছে। প্রশাসনের কাছে নিরাপত্তা সহ ১০ দফা দাবি তুলে ধরেছেন তারা। সেগুলি পূরণ না হওয়া পর্যন্ত কর্মবিরতি চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত হয়েছে। হাসপাতালের প্রিসিপালের ঘরে গতকাল বৈঠকে বসেন চিকিৎসকরা। সঙ্গে ছিলেন নার্সিং স্টাফেরাও। সেখানেই দাবি দাওয়া নিয়ে আলোচনা হয়।

এদিকে, গতকাল সাগরদত্তে পৌঁছন স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম। হাসপাতাল কর্তৃপক্ষের সঙ্গে বৈঠকে বসেন তিনি। পরে সাংবাদিকদের কাছে স্বাস্থ্য সচিব বলেন, হাসপাতালের জন্য নতুন করে ৩০০ সিসিটিভি ক্যামেরা বাসনো হবে। রেস্ট রুমেও থাকবে সিসিটিভি। মোতায়েন করা হবে ৫৭ জন অতিরিক্ত নিরাপত্তা রক্ষী। ওয়ার্ডে বহিরাগত যাতে কেউই না চুক্তে পারে, তাও নিশ্চিত করা হচ্ছে। চালু হচ্ছে বায়োমেট্রিক ব্যবস্থা।

দুপুরে সেখানে যান ব্যারাকপুরের পুলিশ কমিশনার অলোক রাজেরিয়া। নিরাপত্তা সংক্রান্ত বিষয়গুলি খতিয়ে দেখেন তিনি।

সাগর দত্ত মেডিকেল কলেজের এই ঘটনায় চারজনকে গ্রেফতার করেছে পুলিশ। ধৃত ঈশ্বরলাল সাউ, প্রবীন কুমার সাউ, সরোজ কুমার সাউ এবং বিকাশ সাউ-এর চারদিনের পুলিশ হেফাজত হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

জুনিয়র ডাক্তারদের সংগঠন ওয়েস্টবেঙ্গল জুনিয়র ডষ্ট্রিস ফোরাম জানিয়েছে, আর জি কর কাণ্ডের প্রেক্ষিতে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের যে নিরাপত্তার প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, সরকার তা পালন করেনি। এই পরিস্থিতিতে আগামীকাল অর্থাৎ সোমবার বিকেল পাঁচটার পর থেকে তাঁরা ফের পূর্ণ কর্মবি঱্বতিতে যাবেন। গতকাল জুনিয়র চিকিৎসক সংগঠনের জিবি বৈঠকের পর এই ঘোষণা করেন ডাঃ অনিকেত মাহাতো। উল্লেখ্য, আগামীকালই সুপ্রিম কোর্টে এই সংক্রান্ত মামলার শুনানি আছে। জুনিয়র ডাক্তাররা জানিয়েছেন, আদালতে রাজ্য সরকার নিরাপত্তা নিয়ে কী প্রতিশ্রুতি দেয়, সেদিকেও তাদের নজর থাকবে।

এদিকে, সাগর দক্ষ হাসপাতালে চিকিৎসক নিয়ে প্রতিবাদে সোমবার বিকেল পাঁচটা থেকে জুনিয়র ডাক্তাররা ওই হাসপাতাল চতুর থেকে ডানলপ মোড় পর্যন্ত মিছিলের ডাক দিয়েছে।

(বাইট - অনিকেত)

০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসকের নৃশংস হত্যার পরও রাজ্যের সরকারি মেডিক্যাল কলেজ হাসপাতালগুলিতে যেভাবে হামলা চলছে ডাক্তার সংগঠন গুলির যুক্ত মঞ্চ জয়েন্ট প্লাটফর্ম of ডষ্ট্রিস ওয়েস্ট বেঙ্গল তার তীব্র নিন্দা করেছে। পাশাপাশি ওই ঘটনাগুলির জন্য ধিক্কারও জানানো হয়েছে। JPD এর আহ্বায়ক ডাক্তার পুণ্যবৃত্ত গুণ ও ডাক্তার হীরালাল কোনার গতকাল এক বিবৃতিতে বলেন, মেডিক্যাল কলেজ হাসপাতাল গুলিতে এই ধরনের হামলার ঘটনায় দোষীদের অবিলম্বে গ্রেপ্তার করে Medicare 2009- এর আওতায় এনে বিচার করতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১১৪ তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত চ্যানেলে শোনা যাবে প্রধানমন্ত্রীর মন কি বাত। এআইআর নিউজ ও dd news এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube চ্যানেল, এআইআর ওয়েবসাইট, ও নিউজ অন এআইআর মোবাইল অ্যাপেও সরাসরি শুনতে পাবেন এই অনুষ্ঠান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার পুজোর আগে কন্যাশ্রী ও রূপশ্রী প্রকল্পের সঙ্গে যুক্ত চুক্তিভিত্তিক কর্মীদের বেতন বাড়ানোর কথা ঘোষণা করেছে। বেতন বাড়ছে প্রকল্পের সঙ্গে যুক্ত চুক্তিভিত্তিক তথ্য প্রযুক্তি কর্মী, হিসাবরক্ষক, ডেটা ম্যানেজারদের। অভিজ্ঞতার নিরিখে নতুন বেতন হার স্থির করা হয়েছে। চুক্তিভিত্তিক হিসাবরক্ষকরা এতদিন ১৫ হাজার টাকা করে পেতেন। তা বেড়ে হবে ২১ হাজার টাকা। ডেটা ম্যানেজার ও ডেটা এন্ট্রি অপারেটরদের বেতন বেড়ে হচ্ছে ১৬ হাজার টাকা। হিসাবরক্ষকদের ক্ষেত্রে বার্ষিক বেতন বৃদ্ধি বা ইনক্রিমেন্টের হারও বাড়ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

স্বচ্ছতাই সেবার আওতায় সারা দেশ জুড়ে চলছে পরিচ্ছন্নতা অভিযান। এবছরের মূল ভাবনা স্বভাব স্বচ্ছতা - সংস্কার স্বচ্ছতা। আকাশবাণী সংবাদ প্রযোজিত একটি বিশেষ আলোচনা মানসিকতায় পরিচ্ছন্নতা শুনবেন আগামীকাল রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, ১০৭ এবং DTH বাংলায়। অংশ নিয়েছেন পূর্ব রেল ও কলকাতা মেট্রো রেলের মুখ্য জন্য সংযোগ আধিকারিক কৌশিক মিত্র এবং আয়কর দণ্ডের ধানবাদের যুগ্ম কমিশনার দেবাশীষ বিশ্বাস। সঞ্চালনায় কল্যাণ লাহা

ooooooooooooooooooooooo

স্বচ্ছতাই সেবা অভিযানের অংশ হিসাবে, ভারত সরকারের যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের অধীনস্থ নেহরু যুব কেন্দ্র হাওড়ার পক্ষ থেকে গতকাল বেলুড়ের রামকৃষ্ণ মিশন শিক্ষণামন্দিরে স্বচ্ছতা অভিযানের আয়োজন করা হয়। দিল্লি পাবলিক স্কুল হাওড়ার 20 জন ছাত্রছাত্রী এতে অংশগ্রহণ করেন। ছাত্রছাত্রীদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে তাদের মধ্যে পরিচ্ছন্নতা, বর্জ্য ব্যবস্থাপনা এবং প্রকৃতি-পরিবেশের সম্পর্কে সচেতনতা বাড়ানোই ছিলো এই কর্মসূচির মুখ্য উদ্দেশ্য।

রামকৃষ্ণ মিশন শিক্ষণামন্দিরের অধ্যক্ষ, স্বামী বিদ্যামৃতানন্দ, কীভাবে বায়োডিগ্রেডেবল বর্জ্যকে ব্যবহারযোগ্য পণ্যে রূপান্তর করা যায় সে সম্পর্কে সকলকে অবহিত করেন।

এই উপলক্ষ্যে আয়োজিত এক সেমিনারে জেলা যুব আধিকারিক অরুণিমা পরিবেশের উপর প্লাস্টিকের ক্ষতিকারক প্রভাবের বিষয়ে সকলকে অবগত করেন। ছাত্রছাত্রীদেরকে কাপড়ের ব্যাগ, পুনর্ব্যবহারযোগ্য পাত্র এবং বায়োডিগ্রেডেবল পণ্যের মতো টেকসই বিকল্পগুলি গ্রহণ করার আহ্বান জানান।

ooooooooooooooooooooooo

সারা দেশের সঙ্গে এরাজ্যও সেপ্টেম্বর মাস জুড়ে চলেছে সুপুষ্টি মাস। এর প্রেক্ষাপটে আকাশবাণী সংবাদ প্রযোজিত একটি বিশেষ আলোচনা সুপুষ্টি শিশু - সুপুষ্টি ভারত শুনবেন আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, ১০৭ এবং DTH বাংলায়। পশ্চিমবঙ্গ সরকারের সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প প্রাধিকরণের যুগ্ম অধিকর্তা শ্রীমতি দেবারতি সরকারের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।

ooooooooooooooooooooooo

দুর্গাপুজোর মধ্যেই রাজ্য হাঙ্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দণ্ড। দণ্ডের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত আকাশবাণীকে জানিয়েছেন, পূর্ব মধ্য বঙ্গোপসাগরে একটি নিম্নচাপ অঞ্চল তৈরির সম্ভাবনা রয়েছে আগামী ৬ই অক্টোবর। এর প্রভাবে ৫ থেকে ১৩ই অক্টোবর দক্ষিণবঙ্গের সব জেলাতেই বজ্র বিদ্যুত্ সহ বৃষ্টির সম্ভাবনা। পাশাপাশি বৃষ্টি হবে উত্তরবঙ্গও।

### বাইট

০০০০০০০০০০০০০০০০০০০

বেঙ্গালুরুর কান্তিরাভা স্টেডিয়ামে গতকাল আইএসএল ফুটবলে বেঙ্গালুরু এফ সি, ৩-০ গোলে মোহনবাগান সুপার জায়ান্টকে হারিয়ে দিয়েছে। বিরতিতে বেঙ্গালুরু ২-০ গোলে এগিয়ে ছিল। বিজয়ী দলের পক্ষে এডগার মেন্ডেজ, সুরেশ সিং, সুনীল ছেঁত্রী গোল করেছেন। আইএসএলে সর্বাধিক ৬৪ টি গোল করার নজির গড়েন সুনীল ছেঁত্রী। এবারের আইএসএলে মোহনবাগানের এটি প্রথম পরাজয়। তিন ম্যাচে মোহনবাগানের পয়েন্ট চার। বেঙ্গালুরু এফ সি টানা তিন ম্যাচ জিতে ৯ পয়েন্ট নিয়ে লিগ শীর্ষে রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০